

(খ) ২-অতিরিক্ত ফি এর-

(১) দফা 'ঢ' এর পরিবর্তে নিম্নরূপ দফা 'ঢ' এবং উহার বিপরীতে ফিসের হার বা পরিমাণ প্রতিস্থাপিত হইবে যথা:-

"ঢ প্রতিটি দলিল নিবন্ধনের জন্য দফা 'ক', 'খ', 'গ', 'ঘ' এবং 'ঙ' এর অধীন প্রদেয় ফিস ব্যতীত রেজিস্টার বহিতে দলিল নকলকরণার্থে নিম্নবর্ণিত হারে অতিরিক্ত নকল ফিস প্রদান করিতে হইবে, যথা:-

বাংলা, ইংরেজি বা উভয় ভাষায়
প্রতি ৩০০ (তিনশত) শব্দবিশিষ্ট
১ (এক) পৃষ্ঠা বা উহার
অংশবিশেষের জন্য-

২৪/- টাকা।"; এবং

(২) দফা 'ঢঢ' এর পরিবর্তে নিম্নরূপ দফা 'ঢঢ' এবং উহার বিপরীতে ফিসের হার বা পরিমাণ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"ঢঢ দলিল নকলকরণার্থে দফা 'ঢ' এর অধীন প্রদেয় ফিস ব্যতীত নকলনবিশোধনের পারিশ্রমিক বাবদ নিম্নবর্ণিত হারে অতিরিক্ত অর্থ প্রদান করিতে হইবে, যথা:-

বাংলা, ইংরেজি বা উভয়
ভাষায় প্রতি ৩০০ (তিনশত)
শব্দবিশিষ্ট ১ (এক) পৃষ্ঠা বা
উহার অংশবিশেষের জন্য-

৩৬/- টাকা।"

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।



রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবু সাঈদ মোর সাপাহুউদ্দিন খাঁ
উপ-সচিব (রেজিস্ট্রেশন)
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়